




## ইরানে সরকারবিরোধী বিক্ষোভে উত্তাল, সহিংসতায় নিহত ৪৫



সংগৃহীত ছবি

ইরানে সহিংসতায় নিহত ৪৫, বিক্ষোভে অচল দেশ

ইরানে চলমান সরকারবিরোধী আন্দোলনে প্রাণহানির সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪৫ জনে। নিহতদের মধ্যে অন্তত আটজন শিশু ও কিশোর বলে জানিয়েছে নরওয়েভিত্তিক মানবাধিকার সংগঠন ইরান হিউম্যান রাইটস।

বৃহস্পতিবার প্রকাশিত এক বিবৃতিতে সংস্থাটি এসব তথ্য তুলে ধরে। সংগঠনটির বিবৃতিতে জানান, বুধবার ছিল আন্দোলনের সবচেয়ে রক্তাক্ত দিন। ওইদিন বিভিন্ন শহরে বিক্ষোভকারীদের সঙ্গে নিরাপত্তা বাহিনীর সংঘর্ষে ১৩ জন মারা যান। এ সময় আহত হন শতাধিক মানুষ এবং আটক করা হয় দুই হাজারের বেশি আন্দোলনকারীকে। মূলত দীর্ঘদিনের অর্থনৈতিক সংকট, লাগামছাড়া মূল্যস্ফীতি এবং জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির ক্ষোভ থেকেই এই আন্দোলনের সূত্রপাত। গত ২৮ ডিসেম্বর তেহরানের বিভিন্ন বাজারের ব্যবসায়ীরা ধর্মঘট ডাকলে সেটি দ্রুত জনবিক্ষোভে রূপ নেয়। কয়েক দিনের মধ্যেই তা দেশের ৩১টি প্রদেশে ছড়িয়ে পড়ে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার রাজধানীসহ বিভিন্ন শহরে ব্যাপক নিরাপত্তা মোতায়েন করেছে। ইন্টারনেট ও মোবাইল নেটওয়ার্ক বন্ধ করে দেওয়া হয়েছে অনেক এলাকায়। তবুও বিক্ষোভ থামছে না, বরং দিন দিন আরও তীব্র হয়ে উঠছে, যার ফলে দেশজুড়ে চরম অস্থিরতা বিরাজ করছে।